নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ৮০,৬৫২ তারিখ ঃ ১৩/১০/২১
গ্রহণকারী ঃ
অঃ সঃ | সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
সংস্থাপন শাখা-৪।

বিষয়ঃ১। অধিদপ্তরের ৩য় শ্রেণীর ৮ ক্যাটাগরির সেট আপভুক্ত ৪৫৩টি শূণ্য পদে সরাসরি জনবল নিয়োগ সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতি:- জনাব নন্দিতা রাণী সাহা
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)।

- সভার তারিখ : ০৭-১০-২০২১ খ্রিঃ
- সময় : বেলা ১১:০০ ঘটিকা
- স্থান : তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) এর অফিস কক্ষ

উক্ত সভায় বিভাগীয় বাছাই কমিটির নিম্নলিখিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ-

১. জনাব মোঃ মোতাহার হোসেন - সদস্য
উপসচিব, প্রশাসন -১, অধিশাখা
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

২. জনাব মোঃ নুরুল হক - সদস্য
উপসচিব, শৃঙ্খলা-১/১ শাখা
জনপ্রশাসন মন্ত্রণালয়

৩. জনাব আহমেদ আবদুল্লাহ নূর - সদস্য-সচিব
নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর

আলোচ্যসূচি (ক) : সেটআপভুক্ত ৪৫৩টি পদে সরাসরি নিয়োগঃ

সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ৩য় শ্রেণির ৮ ক্যাটাগরির ৪৫৩টি পদে নিয়োগের জন্য গত ১৩-০৩-২০২০ তারিখে ৮০৯০ জনের লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়। পরীক্ষায় ৮ ক্যাটাগরিতে সর্বমোট ৩৪৭৫ জন উপস্থিত হয়। এ বিষয়ে বিস্তারিত উপস্থাপনের জন্য তিনি সদস্য-সচিবকে অনুরোধ করেন।

২। সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, ১৩-০৩-২০২০ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় ৮ ক্যাটাগরিতে সর্বমোট ২৪২৬ জন উত্তীর্ণ হয়। তবে ওয়ার্ক এ্যাসিসটেন্ট পদের বহিষ্কার হওয়া ৩টি রোল নম্বর যথাঃ ৪০০২৭৫, ৪০০৯৮২ ও ৪০৩১৪৫ টেকনিক্যাল ত্রুটির জন্য অসাবধানতাবশতঃ লিখিত পরীক্ষার ফলাফল বিবরণীতে ছাপা হয়। তাতে সর্বমোট উত্তীর্ণের সংখ্যা ২৪২৬ এর স্থলে ২৪২৯ ছাপা হয় এবং এ ভাবেই ফলাফল প্রকাশিত হয়। তিনি আরো জানান, ২৭-০৯-২০২১ তারিখ হতে ৮ ক্যাটাগরি পদের মৌখিক পরীক্ষা শুরু হওয়ায় মৌখিক পরীক্ষার জন্য লিখিত

পরীক্ষার খাতা বের করার সময় উক্ত ৩ জনের বহিষ্কার হওয়ার বিষয়টি ধরা পড়ে। ইতোমধ্যে মৌখিক পরীক্ষার সময়সূচী গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইট www.pwd.gov.bd এ প্রচার করা হয় যাতে রোল নম্বর ৪০০২৭৫, ৪০০৯৮২ ও ৪০৩১৪৫ যথাক্রমে ০৭-১০-২০২১, ২১-১০-২০২১ ও ০৭-১১-২০২১ তারিখের মৌখিক পরীক্ষার সময়সূচীতে প্রচার করা হয়। এ বিষয়ে সভায় উপস্থিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি লিখিত পরীক্ষায় বহিষ্কার হওয়া রোল নম্বরধারী ব্যক্তিদের রোল নম্বর বাদ দিয়ে একটি সংশোধনী গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচার করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। সকল সদস্য এ বক্তব্যের সাথে ঐক্যমত পোষণ করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

১। গত ১৩-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় ওয়ার্ক এ্যাসিসটেন্ট পদে বহিষ্কার হওয়া রোল নম্বর ৪০০২৭৫, ৪০০৯৮২ ও ৪০৩১৪৫ মৌখিক পরীক্ষার জন্য প্রচারিত যথাক্রমে ০৭-১০-২০২১, ২১-১০-২০২১ ও ০৭-১১-২০২১ তারিখের সময়সূচীতে হতে বাদ দেওয়া হলো।

২। এটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইট www.pwd.gov.bd এ প্রচার করা হবে।

আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আহমেদ আবদুল্লাহ মূর)
নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর
ও
সদস্য-সচিব
বিভাগীয় বাছাই, নিয়োগ ও
পদোন্নতি কমিটি

(ডাঃ মোঃ নূরুল হক)
উপ-সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয় ও
সদস্য
বিভাগীয় বাছাই, নিয়োগ ও পদোন্নতি
কমিটি

(মোঃ মোতাহার হোসেন)
উপসচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ও
সদস্য
বিভাগীয় বাছাই, নিয়োগ ও
পদোন্নতি কমিটি

(নন্দিতা রাণী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর
ও
সভাপতি
বিভাগীয় বাছাই, নিয়োগ ও
পদোন্নতি কমিটি